ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/২০২৫/ 289 তারিখঃ ২৮-১২-২০২৫

(বিশেষ রিটেক পরীক্ষায় অংশগ্রহণ বিষয়ক বিজ্ঞপ্তি)

ইনস্টিটিউটের ২০২১-২০২২ এবং এর পূর্ববর্তী শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামসমূহের বিভিন্ন লেভেলের টার্ম-১ পরীক্ষা-২০২৪ এর সম্প্রতি প্রকাশিত ফলাফলে যে সকল পরীক্ষার্থী ২য় বা তদূর্দ্ধ বার **Grade-F** প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তারা বিশেষ রিটেক পরীক্ষা-২০২৫ এ নিয়মিত পরীক্ষার্থীদের সাথে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে। আবেদনকারী শিক্ষার্থীদের আবেদনপত্রসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হবে, যা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় অনুমোদিত হলে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত জরিমানা প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় রিটেক কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে **(বিশেষ রিটেক পরীক্ষায় অংশগ্রহণের আবেদন এর নমুনা কপি ও নিয়মাবলীর কপি সংযুক্ত)**।

এমতাবস্থায়, ২য় বা তদুর্দ্ধ বার এক/একাধিক কোর্সে অকৃতকার্য শিক্ষার্থীদের আবেদনপত্রসহ (কম্পিউটার কম্পোজকৃত) সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি আগামী **০৮-০১-২০২৫** তারিখের মধ্যে নিজ নিজ নিয়মিত ব্যাচের **CR** এর কাছে জমা প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যাচের **CR**-গণ **১২-০১-২০২৫** তারিখের মধ্যে নিটার পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে বিশেষ রিটেকের আবেদনসমূহ জমা প্রদানের জন্য বলা হলো। **উল্লেখ্য, নির্ধারিত সময়ের পরে টার্ম-১ পরীক্ষা-২০২৫ এ বিশেষ রিটেক পরীক্ষায় অংশগ্রহণ বিষয়ক কোনো আবেদনপত্র গ্রহণ করা হবেনা।**

আবেদনের সাথে সংযুক্তি হিসেবে যা প্রদান করতে হয়:-

১। নম্বরপত্রের ফটোকপি (যে শিক্ষাবর্ষে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম বার পরীক্ষায় অংশগ্রহণ করেছে, টার্ম-১ ও টার্ম-২)।
২। নম্বরপত্রের ফটোকপি (রিটেক পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় **Grade-F** প্রাপ্ত মার্কসীটসমূহ)।
৩। সর্বশেষ সেমিস্টার/টার্মের ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি (ফলাফল প্রকাশ না হলে সর্বশেষ সেমিস্টার/টার্ম পরীক্ষার প্রবেশপত্র)।

২৮/১২/২৫
বদরুজ্জামান
পরীক্ষা নিয়ন্ত্রক

বিতরণঃ
১। ছাত্র-ছাত্রী, কোর্স কো-অর্ডিনেটর, সকল শিক্ষক (ইআরপি সিস্টেম, নিটার)।
২। বিভাগীয় প্রধান, নিটার।
৩। হিসাব শাখা, নিটার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪। আইটি অফিস, নিটার (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। নোটিশ বোর্ড, নিটার।

অনুলিপিঃ
১। পরিচালকের কার্যালয় (পরিচালক মহোদয়ের অবগতির জন্য), নিটার।
২। রেজিস্ট্রার অফিস, নিটার।

তারিখঃ

বরাবর,
রেজিষ্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মাধ্যম: ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ।

মাধ্যম: পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)।

বিষয়ঃ ২০.... - ২০.... একাডেমিক শিক্ষাবর্ষের *(যে শিক্ষাবর্ষে ১ম বার নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করেছে)* বি.এসসি ইন ..... লেভেল/বর্ষ ... টার্ম/সেমিস্টার ... পরীক্ষা ..... *(১ম বারের নিয়মিত পরীক্ষার সাল)* এর ..... কোর্সের বিশেষ রিটেক পরীক্ষা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের সাথে পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের অনুমতি প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি ..... আইডি নং ..... রেজিষ্ট্রেশন নং ....., শিক্ষাবর্ষ .....*(রেজিষ্ট্রেশনে উল্লেখিত শিক্ষাবর্ষ লিখতে হবে)* বি.এসসি. ইন ..... বিভাগের একজন নিয়মিত শিক্ষার্থী। ২০... ২০... শিক্ষাবর্ষের *(যে শিক্ষাবর্ষে ১ম বার নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করেছে)* বি.এসসি. ইন ..... লেভেল/বর্ষ ... টার্ম/সেমিস্টার ... পরীক্ষা-২০... এ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে ..... কোর্সে Grade-F আসে। পরবর্তীতে লেভেল/বর্ষ ... টার্ম/সেমিস্টার .... পরীক্ষা-২০.... এ নিয়মিত পরীক্ষার্থীদের সাথে উক্ত কোর্সের রিটেক পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় Grade-F আসে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন ২০.....-২০..... শিক্ষাবর্ষের *(যে শিক্ষাবর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই শিক্ষাবর্ষ লিখতে হবে)* লেভেল .... টার্ম .... পরীক্ষা-২০.... এর নিয়মিত পরীক্ষার্থীদের সাথে উক্ত Grade-F কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশেষ অনুমতি প্রদানে আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক
স্বাক্ষরঃ (স্বহস্তে লিখিত)
নামঃ
ক্লাস আইডিঃ
রেজিষ্ট্রেশনঃ
শিক্ষাবর্ষঃ *(রেজিষ্ট্রেশনে উল্লেখিত শিক্ষাবর্ষ লিখতে হবে)*
মোবাইল নম্বরঃ

নিম্নলিখিত ক্রমানুসারে কাগজপত্রসমূহ সাজিয়ে দিতে হবে। কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্রের উপর ও বাম পার্শ্বের মার্জিনে কমপক্ষে ১ ইঞ্চি পরিমান জায়গা ফাঁকা রাখতে হবে এবং SutonnyMJ ফ্রন্ট ও ১২ সাইজে আবেদনপত্র প্রস্তুত করতে হবে।

প্রয়োজনীয় সংযুক্তি (ক্রমানুসারে)ঃ

১। আবেদনপত্র (কম্পিউটারে কম্পোজকৃত)।
২। নম্বরপত্রের ফটোকপি (যে শিক্ষাবর্ষে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করেছে, টার্ম-১ ও টার্ম-২ দুটি)।
৩। নম্বরপত্রের ফটোকপি (ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে **Grade-F** পেয়েছে)।
৪। রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি (যদি থাকে)।

Office of the Dean
Faculty of Engineering & Technology
University of Dhaka,
Dhaka-1000, Fax: 88-02-9667222
E-mail : *deanengg@du.ac.bd*

ডিনের কার্যালয়
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়
PABX : ৯৬৬৭২২২-/৪৩৬৫

স্মারক নং-ই এন্ড টি. অনু: ২০৬ /২০২৪

তারিখ: ২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ
১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

১. অধ্যক্ষ, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ
২. অধ্যক্ষ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর
৩. অধ্যক্ষ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল
৪. পরিচালক, জাতীয় বস্ত্র প্রকৌশল গবেষণা ইনস্টিটিউট, নয়ারহাট, সাভার, ঢাকা
৫ অধ্যক্ষ, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ১০ চাঁদ উদ্যান, মোহাম্মাদপুর, ঢাকা
৬. অধ্যক্ষ, কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ
৭. অধ্যক্ষ, সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি, এম-৩, মিরপুর-১৪

বিষয়: ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহের বিভিন্ন বর্ষের সেমিস্টার পরীক্ষায় F গ্রেড পাওয়া শিক্ষার্থীদের ফলোন্নয়ন পরীক্ষা দেয়ার নিয়মাবলী অনুসরণ করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বিশ্বস্ত সুত্রে জানতে পেরেছি ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহের বিভিন্ন বর্ষের সেমিস্টার পরীক্ষায় F গ্রেড পাওয়া শিক্ষার্থীদের ফলোন্নয়ন পরীক্ষা অত্র অনুষদের নিয়ম লঙ্ঘন করে গ্রহণ করা হয়ে থাকে। ফলোন্নয়ন পরীক্ষা সংক্রান্ত অনুষদের নিয়ম হচ্ছে A student will be allowed a single earliest available chance to clear ``F' grade/grades complying with the time requirement for the degree (২০২২-২০২৩ শিক্ষাবর্ষের পূর্বের জন্য)। to clear ``F' grade/grades of any course/courses, a student will get two consecutive academic years complying with the time required for the degree (২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে) অবশ্যই এই নিয়মনীতি অনুসরণ করে শিক্ষার্থীদের ফলোন্নয়ন পরীক্ষা গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় হলে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিশেষ ফলোন্নয়ন পরীক্ষা গ্রহণ করতে হলে ডিনস কমিটির অনুমোদন সাপেক্ষে ঐ শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করতে হবে।

অতএব, এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

Exam Controller
25/1/24

24/1/2024

(অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু)
ডিন
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়